

তারিখ: ১৬ আগস্ট ২০২৪

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব 'ল' (বর্তমানে স্কুল অব স্যোসাল সায়েন্স, হিউম্যানিটিজ, ল্যাংগুয়েজেজ এর সাথে সংযুক্ত) বাউবির একাডেমিক কাউন্সিল-এর সুপারিশ, বোর্ড অব গভর্নরস্ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর অনুমোদন (১৬-০১-২০০৫ তারিখে ইউজিসি প্রেরিত পত্রের মাধ্যমে) মোতাবেক স্কুল অব 'ল' খোলা হয়। পরবর্তীতে বোর্ড অব গভর্নরস্ এর সিদ্ধান্তক্রমে ২০০৯ সালে স্কুল অব 'ল' বিলুপ্ত করে স্কুল অব স্যোসাল সায়েন্স, হিউম্যানিটিজ, ল্যাংগুয়েজেজ এর সাথে সংযুক্ত করা হয়। বাউবির এল.এল.বি (অনার্স) শিক্ষার্থীদের স্কুল অব 'ল' খোলার দাবী বাউবি কর্তৃপক্ষ সমর্থন করে। যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে বিষয়টি বিবেচনার জন্য বোর্ড অব গভর্নরস্ এর সভায় উপস্থাপন করা হবে। এ বিষয়ে বাউবির সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীসহ সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

বাউবি কর্তৃপক্ষ,



তারিখ: ১৬ আগস্ট ২০২৪

নোটিশ

বাউবির আইন বিভাগের গ্র্যাজুয়েটেশনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বার কাউন্সিল এর চাহিদা মোতাবেক নির্দিষ্ট ছকে উত্তীর্ণ শিক্ষার্থীদের তথ্যাবলী সচিব, বার কাউন্সিল বরাবর ২ (দুই) বার প্রেরণ করা হয়েছে। বার কাউন্সিল এর সাথে মৌখিকভাবে যোগাযোগ করা হলে তারা ১ মাসের মধ্যে উত্তীর্ণ গ্র্যাজুয়েটদেরকে বার কাউন্সিল এর রেজিস্ট্রেশন এর জন্য অনলাইনে আবেদন করার অনুরোধ করেন। এমতাবস্থায় বাউবির উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে বাউবি কর্তৃপক্ষের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে।

বাউবি কর্তৃপক্ষ,